# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৫৩

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

اَلْفصْلُ الثَّنِفْ (بَاب أَشْرَاط السَّاعَة)

আরবী

وَعَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «الْمَهْدِيُّ مِنْ عِتْرَتِي مِنْ أَوْلَادِ فَاطِمَةَ» . رَوَاهُ أَبُو دَاوُد

اسناده حسن ، رواه ابوداؤد (4284) ـ
(صَحِيح)

বাংলা

৫৪৫৩-[১৭] উম্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি। [রসূল (সা.) বলেছেন] মাহদী আমার বংশের তথা ফাতিমার বংশ হতে জন্মলাভ করবেন। (আবু দাউদ)

ফুটনোট

সহীহ: আবু দাউদ ৪২৮৪, ইবনু মাজাহ ৪০৮৬, সহীহুল জামি ৬৭৩৪, সিলসিলাতুস্ সহীহাহ্ ৮০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল খত্তাবী (রহিমাহুল্লাহ) বলেন: আল ইতরাহ হলো কোন লোকের ঔরসজাত সন্তান। তবে কখনও এটা নিকটাত্মীয় অর্থে এর ব্যবহার হয়। যেমন আবূ বাকর (রাঃ) বলেন: আমরা নবী (সা.) -এর নিকট আত্মীয়। হাফিয ইমাদুদ্দীন (রহিমাহুল্লাহ) বলেন: একাধিক হাদীস এ কথা প্রমাণ করে যে, ‘আব্বাসীয় রাজত্বকালের পর ইমাম মাহদী আলায়হিস সালাম-এর আগমন ঘটবে এবং তিনি আহলে বায়তের অন্তর্গত ফাত্বিমাহ্ (রাঃ) -এর সন্তান হাসান (রাঃ) -এর বংশ হতে জন্মগ্রহণ করবেন। আস্ সানাদী (রহিমাহুল্লাহ) ইবনু মাজাহর টীকায় উল্লেখ করেছেন যে, ইবনু কাসীর (রহিমাহুল্লাহ) বলেন, দারাকুত্বনীতে যে হাদীসটি এককভাবে ‘উসমান ইবনু 'আফফান (রাঃ) হতে

মারফু'ভাবে বর্ণিত রয়েছে। “ইমাম মাহদী আলায়হিস সালাম রাসূলুল্লাহ (সা.) -এর চাচা আব্বাস (রাঃ)-এর বংশধর থেকে আসবেন”। এটা সনদগতভাবে গরীব।
দারাকুত্বনী (রহিমাহুল্লাহ) বলেন: বনী হাশিম-এর কৃতদাস মুহাম্মাদ ইবনু ওয়ালীদ এককভাবে বর্ণনা করেছেন।
মান্নাবী (রহিমাহুল্লাহ) বলেন: এ হাদীসের সনদে অতি মিথ্যাবাদী রাবী রয়েছে (আল্লাহই সর্বজ্ঞাত)। (আওনুল মা'বুদ ৭ম খণ্ড, পৃ. ৩৪৮, হা. ৪২৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85431

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন